



# বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০২১

এর মনোনয়নের জন্য বিদেশে অবস্থিত বাংলাদেশি মালিকানাধীন অনিবাসী  
এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠান হতে আবেদন আহ্বান

বাংলাদেশের অর্থনীতিতে অনিবাসী বাংলাদেশি ও বৈদেশিক মুদ্রা প্রেরণকারী প্রতিষ্ঠানের অবদানের স্বীকৃতি প্রদান এবং বৈধ উপায়ে বিদেশ থেকে অর্থপ্রেরণকে উদ্বুদ্ধ করতে ব্যক্তিসহ বিভিন্ন এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠানকে 'বাংলাদেশ ব্যাংক রেমিট্যান্স অ্যাওয়ার্ড-২০২১' প্রদান করা হবে। এ লক্ষ্যে বিদেশে অবস্থিত বাংলাদেশি মালিকানাধীন অনিবাসী এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠানের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। অনিবাসী বাংলাদেশি নাগরিকগণের ৫০% এর অধিক মালিকানা রয়েছে এমন এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠান আবেদন করতে পারবে।

বাংলাদেশ ব্যাংকের ওয়েবসাইটে (<https://www.bb.org.bd>) আবেদন ও তথ্য প্রদানের জন্য নির্দিষ্ট দু'টি ফরম ([https://www.bb.org.bd/nrb/others/form1\\_2021.pdf](https://www.bb.org.bd/nrb/others/form1_2021.pdf)) ও ([https://www.bb.org.bd/nrb/others/form2\\_2021.pdf](https://www.bb.org.bd/nrb/others/form2_2021.pdf)) আপলোড করা হয়েছে। বিদেশে অবস্থিত আগ্রহী বাংলাদেশি মালিকানাধীন অনিবাসী এক্সচেঞ্জ হাউজ/রেমিটার প্রতিষ্ঠানকে নির্ধারিত ফরম যথাযথভাবে পূরণপূর্বক প্রয়োজনীয় কাগজপত্রাদি (স্ক্যান কপি) আগামী ১৪/০৮/২০২২ তারিখের মধ্যে [pinaki.ranjan@bb.org.bd](mailto:pinaki.ranjan@bb.org.bd) ইমেইলে প্রেরণের জন্য অনুরোধ করা যাচ্ছে।

অসম্পূর্ণ বা নির্ধারিত তারিখের পরে প্রাপ্ত কোনো আবেদনপত্র অ্যাওয়ার্ডের জন্য বিবেচিত হবে না। অ্যাওয়ার্ডের জন্য বাংলাদেশ ব্যাংকের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

(জয়শ্রী বাগচী)

পরিচালক (এফআইডি)

ফাইন্যান্সিয়াল ইনক্লুশন ডিপার্টমেন্ট

বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা

ব্যাংকিং ও আর্থিক সেবা পেতে হয়রানির শিকার হলে  
কিংবা কোনো অভিযোগ থাকলে ১৬২৩৬ নম্বরে ফোন করুন।